রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ৮, ২০২৪

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

**ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ**

**'বিজ্ঞপ্তি'**

**স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ অনুযায়ী ও আওতাভুক্ত প্রদত্ত সেবা ও পরিষেবাসমূহের প্রচারপত্র**

তারিখ: ৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ/১৫ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

নং: **ওয়েলফেয়ার টিএসএল/ প্রশা:/এনজিও সংস্থা/ছোসেবী কার্যক্রম/বিজ্ঞপ্তি-২০২৩.০০.০৫-১৭৫**—সকলের অবগতি ও কার্যার্থে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, স্মার্ট বাংলাদেশ-২০৪১ বিনির্মাণে ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড (ব্র্যান্ডিং পরিচিতি ও শিরোনামযুক্ত প্রতিষ্ঠান বা সংস্থা: ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ এবং এর মন্ত্রণালয় ও বিভাগসমূহ (Allocation of Business অনুসারে) স্মার্ট এডুকেশন বাস্তবায়নে সমন্বয় ও সহযোগিতা প্রদানকারী শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়সহ অন্যান্য সকল মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহ এবং দেশ ও বিদেশের সরকারি ও বেসরকারি সাহায্যপুষ্ট বিভিন্ন ধরনের দাতাগোষ্ঠীর দান-অনুদান বা বিনিয়োগ, প্রকল্প, স্কিম বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বাংলাদেশের নাগরিক স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ অনুযায়ী ও আওতাভুক্ত প্রদত্ত সেবা ও পরিষেবাসমূহের অন্তর্ভুক্ত হবে।

১। **স্মার্ট এডুকেশন প্রকল্পের সংক্ষিপ্ত বর্ণনা**

বাংলাদেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সুশাসন ও ব্যবস্থাপনা উন্নয়নে আধুনিক প্রযুক্তি ব্যবহার করে উচ্চশিক্ষা ও উদ্ভাবনী গবেষণার মাধ্যমে শিক্ষার্থীদের উন্নত শিক্ষা প্রদান করে পরিবর্তনশীল বিশ্বের জন্য তাদের সম্পূর্ণরূপে প্রস্তুতকরণে সরকারের উন্নয়ন সহযোগী হিসেবে কাজ করা। 'স্মার্ট এডুকেশন' শিক্ষার্থীদের প্রথাগত শিক্ষার বাইরে গ্লোবাল শিক্ষায় সুশিক্ষিত করবে যা আধুনিক বিশ্বের সাথে তাল মিলিয়ে চলতে তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করবে।


**মূল্য :** টাকা ৮.০০

**(১) স্মার্ট এডুকেশন প্রকল্পের আওতাভুক্ত বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ফ্রি সেবাসমূহ**

**ক) শিক্ষা প্রতিষ্ঠান কেন্দ্রিক সুযোগ-সুবিধাসমূহ**

১) শিক্ষা প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড সংযোগ এবং শিক্ষা ব্যবস্থাপনায় আইসিটির ব্যবহার সম্পর্কিত কর্মশালার আয়োজন করা, ২) শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ডিভাইস, মাল্টিমিডিয়া কনটেন্ট, ইন্টারেক্টিভ এনিমেশন এবং অডিও-ভিডিও দিয়ে পাঠদানের ব্যবস্থা করা, (৩) শিক্ষা প্রতিষ্ঠানে স্মার্ট শিক্ষা, গবেষণা এবং উদ্ভাবন কর্মশালার আয়োজন করা, (৪) শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার সকল স্তরে জেন্ডার বৈষম্য দূর করা এবং শিক্ষা স্তরে সমান সুযোগ নিশ্চিত করতে কর্মশালার আয়োজন করা, (৫) স্মার্ট বাংলাদেশ ২০৪১ বিনির্মাণে স্মার্ট এডুকেশন ফেস্টিভ্যাল প্রোগ্রাম আয়োজন করা, (৬) শিক্ষা প্রতিষ্ঠানে আদর্শ অভিভাবক সভা আয়োজন করা, (৭) শিক্ষা প্রতিষ্ঠানে অভিভাবকদের জন্য যাত্রী ছাউনি স্থাপন করা, (৮) শিক্ষা প্রতিষ্ঠানে মেধা বিকাশ ও প্যারেন্টিং কর্মশালার আয়োজন করা, (৯) শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিবন্ধিদের শিক্ষা অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন করতে সহায়তা করা, (১০) শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র/ছাত্রীদের জন্য আধুনিক জিমনেসিয়াম, সুসজ্জিত ব্যায়ামাগার, ডে কেয়ার ইত্যাদি স্থাপন করা, (১১) শিক্ষা প্রতিষ্ঠানে জব অ্যান্ড ক্যারিয়ার ফেয়ার আয়োজন করা, (১২) শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক মেধা যাচাইয়ের মাধ্যমে ল্যাপটপ বিতরণ করা ও ১৩) শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক মেধা যাচাইয়ের মাধ্যমে জাতীয় বা আন্তর্জাতিক স্কলারশিপ প্রদান করা।

**খ) ছাত্র/ছাত্রী ও অভিভাবকদের জন্য ফ্রি সেবাসমূহ**

My Welfare App অথবা www.welfarebd.org অথবা অন্যান্য উপায়ে ১৫ বছরের জন্য স্বেচ্ছায় স্বপ্রণোদিত হয়ে এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি ৫০০ টাকা প্রদান করে রেজিস্ট্রেশনকৃত ছাত্র/ছাত্রী ও অভিভাবকদের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে বিনামূল্যে প্রোডাক্ট বা পরিষেবা বিতরণ করা হবে। যেমন: ১) স্কুল ইউনিফর্ম, ২) স্কুল ব্যাগ, ৩) স্কুল জুতা, ৪) স্কুল ছাতা, ৫) জ্যামিতি বক্স, ৬) খাতা, ৭) পানির বোতল বা টিফিন বক্স, ৮) স্কেল, ৯) কলম, ১০) পেন্সিল, ১১) খুদে বাচ্চাদের ডায়াপার, ১২) শুকনো খাবার ও ১৩) অন্যান্য শিক্ষা উপকরণসমূহ।

**গ) গবেষক ও শিক্ষক সহায়তা তহবিলের আওতায় নগদ অর্থ সহায়তাসমূহ**

স্মার্ট এডুকেশন প্রোগ্রামের আওতায় গবেষক ও দরিদ্র শিক্ষকদের My Welfare App অথবা www.welfarebd.org ব্যবহার করে স্বেচ্ছায় স্বপ্রণোদিত হয়ে এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি ৫০০ টাকা প্রদান করে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ক্যাটাগরি অনুযায়ী এককালীন নগদ অর্থ সহায়তা বিতরণ করা হবে। যেমন: প্রাইমারি স্কুল শিক্ষকদের জন্য ৫,০০০ টাকা থেকে ২৫,০০০ টাকা, সেকেন্ডারি স্কুল (উচ্চ বিদ্যালয়) শিক্ষকদের জন্য ১০,০০০ টাকা থেকে ৫০,০০০ টাকা, কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষকদের জন্য ১৫,০০০ টাকা থেকে ৭৫,০০০ টাকা পর্যন্ত এককালীন নগদ অর্থ সহায়তা প্রদান করা হবে।

**(২) ছাত্র/ছাত্রী ও অভিভাবকদের জন্য স্মার্ট এডুকেশন রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশনকৃত পরিষেবাসমূহ**

**ক)** স্মার্ট প্রাইমারি এডুকেশন সার্ভিসেস প্রোগ্রামে ছাত্র/ছাত্রী অথবা অভিভাবক স্বেচ্ছায় স্বপ্রণোদিত হয়ে এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি ২,৫০০ টাকা প্রদান করে অংশগ্রহণ করলে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে পরিষেবাসমূহ বিতরণ করা হবে। যেমন: ১) স্কুল ইউনিফর্ম, ২) স্কুল ব্যাগ, ৩) স্কুল জুতা, ৪) স্কুল ছাতা, ৫) জ্যামিতি বক্স, ৬) খাতা, ৭) পানির বোতল বা টিফিন বক্স, ৮) স্কেল, ৯) কলম, ১০) পেন্সিল, ১১) খুদে বাচ্চাদের ডায়াপার, ১২) শুকনো খাবার, ১৩) অন্যান্য শিক্ষা উপকরণসমূহ, ১৪) ২৫০ টাকা হারে শিক্ষাবৃত্তি, ১৫) ওয়েলফেয়ার স্টুডেন্ট কমিউনিটিতে ক্যাম্পেইন করার সুযোগ ও ১৬) শিশুর মেধা বিকাশে খেলতে খেলতে শিখবো প্রশিক্ষণে অংশগ্রহণ করার সুযোগ।

**খ)** স্মার্ট সেকেন্ডারি এডুকেশন সার্ভিসেস প্রোগ্রামে ছাত্র/ছাত্রী অথবা অভিভাবক স্বেচ্ছায় স্বপ্রণোদিত হয়ে এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি ৫,৫০০ টাকা প্রদান করে অংশগ্রহণ করলে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে পরিষেবাসমূহ বিতরণ করা হবে। যেমন: ১) স্কুল ইউনিফর্ম, ২) স্কুল ব্যাগ, ৩) স্কুল জুতা, ৪) স্কুল ছাতা, ৫) জ্যামিতি বক্স, ৬) খাতা, ৭) পানির বোতল বা টিফিন বক্স, ৮) স্কেল, ৯) কলম, ১০) পেন্সিল, ১১) ক্যালকুলেটর, ১২) শুকনো খাবার, ১৩) কিশোরীদের স্যানিটারি ন্যাপকিন, ১৪) অন্যান্য শিক্ষা উপকরণসমূহ, ১৫) ৫৫০ টাকা হারে শিক্ষাবৃত্তি, ১৬) মেধা যাচাইয়ের মাধ্যমে ল্যাপটপ বিতরণ, ১৭) ওয়েলফেয়ার স্টুডেন্ট কমিউনিটিতে ক্যাম্পেইন করে আয় করার সুযোগ ও ১৮) বাছাইকৃত শিক্ষার্থীদের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে পরিদর্শন করানো।

**গ)** স্মার্ট হায়ার এডুকেশন সার্ভিসেস প্রোগ্রামে ছাত্র/ছাত্রী অথবা অভিভাবক স্বেচ্ছায় স্বপ্রণোদিত হয়ে এককালীন অফেরতযোগ্য রেজিস্ট্রেশন ফি ৭,৫০০ টাকা প্রদান করে অংশগ্রহণ করলে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে পরিষেবাসমূহ বিতরণ করা হবে। যেমন: ১) ইউনিফর্ম, ২) ব্যাগ, ৩) জুতা, ৪) স্যানিটারি ন্যাপকিন, ৫) ৭৫০/১,০০০/১,২৫০ টাকা পর্যন্ত শিক্ষাবৃত্তি, ৬) শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক মেধা যাচাইয়ের মাধ্যমে ল্যাপটপ বিতরণ, ৭) শিক্ষার মান উন্নয়নে দেশ ও বিদেশে প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণের সুযোগ ও সনদপত্র প্রদান ৮)ওয়েলফেয়ার স্টুডেন্ট কমিউনিটিতে ক্যাম্পেইন করে আয় করার সুযোগ ও ৯) স্মার্ট এডুকেশন সংশ্লিষ্ট অন্যান্য সুবিধাসমূহ।

**৩। প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা**

ওয়েলফেয়ার ফ্যামিলি বাংলাদেশ ও সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান/সংস্থাসমূহ এবং পার্টনার এনজিও সমূহ।

**৪। প্রকল্পের দাতাগোষ্ঠীসমূহ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ এবং এর মন্ত্রণালয় ও বিভাগসমূহ, বাংলাদেশে অবস্থানরত বিদেশি দূতাবাস ও হাইকমিশন সমূহ, দেশি, বিদেশি ব্যাংকসমূহ ও কোম্পানিসমূহ, সংস্থার দেশি, বিদেশি কমিউনিটি ভিত্তিক রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশনকৃত সদস্য, দেশি, বিদেশি জনহিতৈষী ব্যক্তি এবং বৈদেশিক সাহায্যপুষ্ট দাতাগোষ্ঠী সমূহ।

**৫। প্রকল্পের মেয়াদকাল**

২০২৩ হতে ২০৫০ সাল পর্যন্ত। তবে প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ প্রকল্পের মেয়াদকাল যেকোনো সময় বাড়াতে বা কমাতে পারবে।

**৬। প্রকল্পের কার্যক্রম এলাকা**

বাংলাদেশের সকল বিভাগ, সকল জেলা, সকল উপজেলা, সকল ইউনিয়ন এবং সকল সিটি কর্পোরেশন ও সকল পৌরসভা এলাকা।

**৭। প্রকল্পের উপকারভোগীর ধরন**

শিক্ষা প্রতিষ্ঠান, ছাত্র/ছাত্রী অথবা অভিভাবক, গবেষক ও দরিদ্র শিক্ষক।

**৮। প্রকল্প সমন্বয়কারী সংস্থাসমূহ**

স্মার্ট এডুকেশন বাস্তবায়নে সমন্বয় ও সহযোগিতা প্রদানকারী শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়সহ অন্যান্য সকল মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর বা অধিদপ্তর বা সংস্থাসমূহ এবং বাংলাদেশের কার্যক্রম এলাকার সকল বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, জেলা প্রশাসন, পৌরসভা, উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসন, ইউনিয়ন পরিষদ, জনপ্রতিনিধি এবং জেলা/উপজেলা/থানা শিক্ষা অফিস, জেলা/উপজেলা/ থানা প্রাথমিক শিক্ষা অফিস, স্কুল, মাদ্রাসা, কলেজ, বিশ্ববিদ্যালয় ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে সমন্বয় করা হবে।

**৯। প্রকল্পে আর্থিক, কারিগরি ও প্রযুক্তিগত সহযোগিতা এবং সার্বিক তত্ত্বাবধান**

ওয়েলফেয়ার টেকনোলজিস সার্ভিসেস লিমিটেড ও সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান/সংস্থাসমূহ।

**১০। প্রকল্পের রেজিস্ট্রেশন ও সাবস্ক্রিপশন কর্তৃপক্ষ**

ফিনটেক আইসিটি রেজিস্ট্রেশন অ্যান্ড সাবস্ক্রিপশন সার্ভিসেস লিমিটেড ও সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান/সংস্থাসমূহ।

**১১। প্রকল্প বাস্তবায়নের শর্তসমূহ**

স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ ও স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ অনুযায়ী প্রদত্ত সেবা ও পরিষেবাসমূহ এবং ওয়েলফেয়ার প্রকল্প ও কর্মসূচি এবং কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা ও সংশ্লিষ্ট দাতাগোষ্ঠীর শর্তাবলি অনুযায়ী বাস্তবায়ন করা হবে।

**১২। অপ্রাসঙ্গিকতা পরিহার**

স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ অনুযায়ী ও আওতাভুক্ত প্রদত্ত সেবা ও পরিষেবাসমূহের প্রচারপত্রের বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি অথচ এমন কোনো মিথ্যা তথ্য কোনো কর্মকর্তা/কর্মচারী, কোনো সদস্য/সেবাগ্রহীতা, কোনো ব্যক্তি/প্রতিষ্ঠান অপর কোনো পক্ষকে মিথ্যা তথ্য প্রদান করলে বা কোনো প্রকার প্রতারণার স্বীকার হলে তার দায়ভার প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ বহন করবে না।

**১৩। সংশোধন ও সংযোজন পদ্ধতি**

স্মার্ট এডুকেশন নীতিমালা, ২০২৩ অনুযায়ী ও আওতাভুক্ত প্রদত্ত সেবা ও পরিষেবাসমূহের প্রচারপত্রের বিজ্ঞপ্তিটি কর্তৃপক্ষ যেকোনো সময় সংশোধন, সংযোজন ও বিয়োজন করতে পারবে।

এই বিজ্ঞপ্তি প্রতিষ্ঠান ও জনস্বার্থে প্রকাশ করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

প্রতিষ্ঠান ও জনস্বার্থে

**নুর মোহাম্মদ সিদ্দিকী**
চেয়ারম্যান।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd